

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)


স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.০২.২১১.১৪- ৪২৮,

তারিখ : ২২/৭/২০১৬ খ্রি:

বিষয় : যুব উন্নয়ন অধিদপ্তরাধীন আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রে বরাদ্দকৃত আর,এফ এর হিসাব ও স্থিতি বিবরণীর প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উল্লিখিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরাধীন আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থীদের সুষ্ঠু ও যথাযথ প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে পরিচালিত ডেমোনস্ট্রেশন ইউনিটের জন্য বরাদ্দকৃত রিভলভিং ফান্ড (আর,এফ) এর হিসাব ও স্থিতি প্রেরিত ছক মোতাবেক প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ জানুয়ারী ও জুলাই মাসের প্রথম সপ্তাহে প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য ইতোপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী পঞ্চগড়, লালমনিরহাট, ঠাকুরগাঁও ও খুলনা যুব প্রশিক্ষণ কেন্দ্র ব্যতীত বাকী কেন্দ্র সমূহ হতে যথাসময়ে কোন প্রতিবেদন পাওয়া যায়নি। ফলে কেন্দ্র সমূহের ফান্ড সংক্রান্ত আপডেড তথ্য জানা সম্ভব হয়নি।

এমতাবস্থায়, যুব উন্নয়ন অধিদপ্তরাধীন আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রে বরাদ্দকৃত রিভলভিং ফান্ড (আর,এফ) এর হিসাব ও স্থিতি বিবরণী আগামী ৩০-০৭-২০১৬ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রশিক্ষণ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(ফাতেমা বেগম)  
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)  
ফোন নং- ৯৫৫৩২৮৩।

প্রাপক

- ০১। কো-অর্ডিনেটর  
যুব প্রশিক্ষণ কেন্দ্র  
যুব উন্নয়ন অধিদপ্তর  
-----১০টি জেলা।
- ০২। ডেপুটি কো-অর্ডিনেটর  
যুব প্রশিক্ষণ কেন্দ্র  
যুব উন্নয়ন অধিদপ্তর  
-----৪৪টি জেলা।

অনুলিপি বিতরণ :

- ০১। সহকারী পরিচালক(আইসিটি) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে পত্রটি ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। অফিস কপি।